শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-১০৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৩-১০-২০২২ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

০৩/১০/২২
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ........................................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ............................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ........................................................................................ ।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-১০৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

০৩/১০/২২
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. জনাব মো: হাফিজুর রহমান হাফিজ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ: প: →
৫. জনাব মোছা: আরজিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১ →
৬. জনাব মোছা: নুর জাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ → নুর জাহান
৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ → খাদিজা
৮. জনাব মোছা: সামেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ → সামসুন্নাহার

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →
২. চেয়ারম্যান, ২ নং কোশারানীগঞ্জ ইউ.পি. →
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →
৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →
৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ১৩-১০-২০২২ ৩৭
সময়: ১০-০০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | মো: আরিফুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] ১৩/১০/২০২২ |
| ০২. | মো: [illegible] সহকারী প্র [illegible] মা: প্র: | [signature] ১৩/১০ |
| ০৩ | বিদ্যুৎ কুমার চৌধুরী, পুলিশ পরিদর্শক, [illegible] | [signature] ১৩/১০/২২ |
| ০৪. | লায়লা আরজুমান বেগম, উপজেলা কৃষি অফিসার (ভারপ্রাপ্ত) | [signature] ১৩/১০/২২ |
| ০৫. | মো: [illegible] SUFO | [signature] ১৩/১০/২২ |
| ০৬. | মো: বাকির হোসেন URDO | [signature] ১৩/১০/২২ |
| ০৭. | মো: [illegible] UFO | [signature] |
| ০৮. | আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | [signature] ১৩/১০/২২ |
| ০৯. | মো: [illegible] আলম, সহ: [illegible] | [signature] |
| ১০. | সুমিত গুপ্ত, সহ: প্রোগ্রামার | [signature] ১৩/১০/২২ |
| ১১. | মো: জিয়াউল হক শাহ - উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] ১৩/১০/২২ |
| ১২. | দেলোয়ারা পারভীন সহকারী প: প: কর্মকর্তা | [signature] ১৩/১০/২২ |
| ১৩. | আরিফুল ইসলাম (সেটেলমেন্ট অফিসার, [illegible]) | [signature] |
| ১৪. | মো: মজিবর রহমান, উপজেলা বন কর্মকর্তা | [signature] ১৩/১০/২২ |
| ১৫. | মো: [illegible] আলম, [illegible] | [signature] |
| ১৬ | মা. মো: আব্দুর রহমান সেলিম, অব. এম. ও, পীরগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স | [signature] |
| ১৭. | মো: জাহাঙ্গীর আলম P.I.O. পীরগঞ্জ | [signature] |
| ১৮. | মো: নাজিম উদ্দিন UE. LGED | [signature] |
| ১৯. | মো: আকরাম আলী, উপজেলা মহিলা বিষয়ক অফিসার | [signature] |
| ২০। | দেলোয়ার হোসেন, উপজেলা সমাজসেবা অফিসার | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও অক্টোবর ২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৩-১০-২০২২ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১০:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক' ও অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ' ও পরিশিষ্ট - 'গ' ইউজিডিপি'র অবকাঠামো প্রকল্পের বিল**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২ -২০২৩ খ্রিঃ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত ও ষ্টীলের দোলনার নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।<br>তিনি আরও জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৫ম পর্যায়ের একটি অবকাঠামো বিষয়ক ''হাজিপুর ইউনিয়নের বোর্ডের হাট এবং সৈয়দপুর ইউনিয়নের পানিহাটা গ্রামের হিন্দু পাড়ায় জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মান'' (প্যাকেজ নং- e-Tender/INF-2020-21-559482-02) **যা** মোঃ হাবিবুর রহমান, বোচাগঞ্জ, দিনাজপুর কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চুড়ান্ত বিলের আবেদন করেছেন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী **পরিশিষ্ট 'গ'** -তে দেখানো হলো। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপস্থাপিত বিল সকলের আলোচনার ভিত্তিতে অনুমোদন করা হলো। বিস্তারিত **পরিশিষ্ট 'গ'** তে দেখানো হলো। | **উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬৫৫ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৭,১৮০ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪,০৮৯ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬৪ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০২ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৩৪ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৯০ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, হাসপাতাল চত্ত্বর দালালমুক্ত রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ ও পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশনে সচেষ্ট হতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৫০,০৬১ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,৫০০ জন, (৩) খাবার বড়ি - ২২,৫৬২ জন (৪) কনডম- ১,৬৯০ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮০৮২ (৬) আইইউডি- ২৪ (৭) ইমপ্ল্যানন- ৮৮ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৪ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৩০২ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৯০% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে।<br>২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে এবং এ বিষয়ে স্বেচ্ছসেবীদের সহযোগিতা করতে হবে।<br>৩) ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ পঃ কেন্দ্রগুলোর সীমানা প্রাচীর নির্মাণের প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২২-২৩ খ্রি: অর্থ বছরে খরিপ-২ মৌসুমে আমন ধান রোপন হয়েছে ২৫,১৬৫ হেক্টর জমিতে। এই মৌসুমে সারের অতিরিক্ত চাহিদার বিপরীতে ১৭৪ মে:টন MOP ও ১৭৪ মে:টন DAP সার অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। উপসহকারী কৃষি অফিসারদের উপস্থিতিতে MOP সার বিক্রয় চলমান রয়েছে। গত মাসে সার কীটনাশক বিক্রয়ে অনিয়মের জন্য ০৭ জন ডিলারকে মোট ১,৫০,০০০/- টাকা মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা হয়েছে। এ মাসে MOP সারের ১৮৯ মে:টন, যা শুধু বিসিআইসি ডিলাররা বরা পেয়েছে। কৃষি যন্ত্রপাতি উপজেলায় সংরক্ষণের জন্র ২.৭৫ শতক জায়গা প্রয়োজন। স্কেচ ম্যাপ প্রস্তুত করে দ্রুত ঢাকায় পাঠাতে হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | ১) সার মনিটরিং জোড়দার করতে হবে। বিএডিসি ও বিসিআইসি'র সার ডিলারগণ তাদের নিজ নিজ অধিক্ষেত্রে সার বিতরণ করছেন কী না, সে বিষয়ে প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>২) সার তদারকি উপ কমিটিকে নিয়মিত রিপোর্ট প্রদান করতে হবে।<br>৩) উপজেলা মহিলা বিষয়ক অফিসের পার্শ্ববর্তী খালি জায়গায় ২.৭৫ শতক জায়গায় কৃষি যন্ত্রপাতি সংরক্ষণের জন্য জায়গা বরাদ্দের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২২ মাসে ২১ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৩ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। Protection and Conservation of Fish Act 1950 (E.B. Act No. XVIII of 1950) এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর rule 13 অনুযায়ী সরকার এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ০৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ (২২ আশ্বিন হতে ১২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ) পর্যন্ত | ১) মৎস্য আইন বাস্তবায়নে কারেন্ট জাল, দুয়ারী জালসহ সকল অবৈধ উপকরণ জব্দকরণে গ্রাম পুলিশের সহায়তায় মৎস্য বিভাগ নিয়মিত টহল জোরদার করবেন।<br>২) ২০২২-২৩ অর্থ বছরে গৃহীত কার্যক্রমের | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মোট ২২ দিন সময়কাল সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করেছে।'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guidelines), ২০১৯' মোতাবেক বাদ পড়া জেলেদের নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, CRVS ব্যবস্থার আলোকে শিক্ষার্থীদের প্রোফাইল ডেটাবেজ তৈরি ও ইউনিক আইডি ডাটা এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়েছে।<br>জাতীয় শিক্ষা রূপরেখা ২০২১ স্কুল ও মাদ্রাসা প্রশিক্ষণের জন্য শিক্ষকগণকে অনলাইনে আবেদন করার জন্য পত্র দেওয়া হয়েছে। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফাস্ট এইড (পার্ট-১) অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য বার্ষিক জরিপ ২০২২ এর আওতায় Online Software ব্যবহার করে আগামী ২৬-১০-২০২২ খ্রিঃ তারিখ থেকে ৩০-১০-২০২২ খ্রি: তারিখের মধ্যে আপডেট করার জন্য সকল প্রতিষ্ঠানকে পত্র দেওয়া হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ১) শূণ্যপদে শিক্ষক ও কর্মচারী নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) বিদ্যালয়ের নির্ধারিত সময়ে সকল শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিতকল্পে সকল বিদ্যালয়ে সর্তকতামূলক পত্র প্রেরণ করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষা পদক প্রদানের জন্য ২০২২ খ্রি: তারিখে বিভিন্ন ক্যাটাগরি ভিত্তিক প্রতিযোগি জেলা পর্যায়ে বাছাই করা হয়েছে। অত্র উপজেলায় তিনজন তিন ক্যাটাগরিতে যেমন- শ্রেষ্ঠ উপজেলা পরিষদ চেয়ারম্যান, শ্রেষ্ঠ সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচিত হয়েছেন। অভিনন্দনসহ তাঁদের সফলতা কামনা করা হলো।<br>বিদ্যালয় পর্যায়ে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন-২০২২ আগামী নভেম্বর/২২ মাসে অনুষ্ঠিত হবে। এ উদ্দেশ্যে প্রাথমিক স্তরের সকল বিদ্যালয়কে নিয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | ১) বিদ্যালয়গুলো সুষ্ঠুভাবে পরিচালনা এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে সরকারি কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও শিক্ষা সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসতে হবে।<br>২) সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও কর্মকর্তাবৃন্দ স্কুল মনিটরিং করবেন, এ মর্মে এ সভার উদ্ধৃতি দিয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পত্র প্রেরণ করতে হবে।<br>৩) যে সকল বিদ্যালয়ের নতুন ভবনের কার্যক্রম বন্ধ রয়েছে, তা অতি শীঘ্রই শুরু করার জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ভাতাভোগীদের জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বরের ভাতা প্রদানের জন্য পে রোল প্রস্তুত পূর্বক পে রোল প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান, ভাতাভোগীগণ যেন OTP/পিন কোর্ড অপরিচিত ব্যক্তিকে না দেন, এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১০ | পুলিশ বিভাগ | পুলিশ পরিদর্শক, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ১৯ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ ।** |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ** আমন চাল ১২২৬.৮৩২ মে:টন, বোরো চাল ৪৭৫০.৯১০ মে:টন ও খালি বস্তা ২১,২৯৬ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল আমন ৮৭.৬৬০ মে:টন, চাল বোরো ৫৫৩.৪৩০ মে:টন, চাল বোরো (ফলিত) ৪৯৪.৯৮৮ মে:টন ও খালি বস্তা ১৬,৮১১ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় উপকারভোগীদের ডাটাবেজ আপডেট করণের কার্যক্রমে যেন কোন ধরণের অনিয়ম না ঘটে সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, সেতু/কালভার্ট ০৩ টির কাজ চলমান রয়েছে। ২০২২-২০২৩ খি: অর্থ বছরের টি.আর. ও কাবিখা/কাবিটা প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। টি.আর, কাবিখা ও ইজিপিপি প্রকল্প তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>০১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ঃ** এই কর্মসূচির আওতায় ২০২১-২০২২ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন এবং বরাদ্দ আসায় সেপ্টেম্বর /২০২২ মাসের ডিও প্রদান করা হবে।<br>০২। **"দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসুচি ঃ** ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত উপকারভোগী মোট ৬২০ জন ।<br>০৩। **"কমজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল" কর্মসূচি ঃ** ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত উপকারভোগী ৪৫০ জন ।<br>**০৪। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) ঃ** ২০২২-২০২৩ অর্থ বছরে জুলাই/২০২২ হতে **সেপ্টেম্বর/২০২২** পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদ সেলাই/দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>০৫। **"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" (আইজি-এ) প্রকল্প ঃ** এই প্রকল্পের আওতায় **"ফ্যাশন ডিজাইন"** ট্রেডে **৫০ জন "ক্রিষ্টাল শো-পিচ ওডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) ট্রেডে "** ৫০ | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td></td><td></td><td>সর্বমোট ১০০ (একশত) জন প্রশিক্ষণার্থী জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী ১৬ তম এবং ১৭ তম ব্যাচের ২ (দুই) শিফট অনুযায়ী প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রশিক্ষণকেন্দ্রে প্রশিক্ষণার্থীদের বসার জায়গার সল্পতার কারণে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় বিভিন্ন সমস্যা দেখা দিচ্ছে।<br>০৬। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ০৭ টি চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য আশ্রয়ণ প্রকল্পে ৩য় পর্যায়ে নতুন ১০০ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০ টি নলকূপের স্থান তালিকা পাওয়া গেছে এবং নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ। রাজস্ব খাত হতে নতুন উপজেলা অফিস বিল্ডিং এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় নাই। মোট আসল আদায় ৯৭৮২১০/- টাকা এবং সার্ভির্স চার্জ ৭৮৩৯০/- টাকা। বর্তমান মাসে আদায় নাই। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫%। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br><table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>৭০৯৮৩৫/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৭৩১৯৯৩৩/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরন</td><td>৫১০০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>০৭</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন</td><td>১৫৮৩০৩৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯৩৮০</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৩০</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯২৯৩</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>১৫</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৬৮৮</td></tr>
</table>এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>১। আমন ফসলের পূর্বাভাস (অংশ-২)<br>২। পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ<br>৩। ০৫ টি অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব নিরুপন<br>৪। ০১ টি স্থায়ী ফসলের আনুমানিক হিসাব নিরুপন<br>৫। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ<br>এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>০.১১</td><td>১২১.০৮</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>০.০৯</td><td>৪৪.১৬</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>০.৭৭</td><td>২২.১৪</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>০.৯৭</td><td>১৯৩.৬৫</td><td>২০২.৬৩</td><td>৯০%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলাধীন যে সকল করাত কল অবৈধভাবে চালু রয়েছে, সে সকল করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে বন্ধকরণ বা প্রয়োজনীয় অইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১) উপজেলা চত্ত্বরসহ রাস্তার পার্শ্বের মৃত গাছ অপসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) উপজেলা বিট বন কর্মকর্তার জন্য একটি অফিস রুম বরাদ্দ প্রদানের জন্য সংশ্লিষ্ট কমিটি উদ্যোগী হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, পূর্বে ২৪২ টি সেচযন্ত্র ছিল। এছাড়া বর্তমানে আরো ১২ টি সেচযন্ত্র সোলার পাম্প দ্বারা চালু হয়েছে। সবগুলি সেচযন্ত্র চালু রয়েছে। বর্তমান অর্থ বছরে আরো ১৫ টি সেচযন্ত্র নতুনভাবে স্থাপিত হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>উপজেলায় সকল সরকারি খাস পুকুর ও প্রাকৃতিক জলাশয় পুন: খননের কার্যক্রম গ্রহণের জন্য একটি সমন্বিত পকল্প গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, সকল সংযোগ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পের ভেলাতৈর এ সকল সংযোগ প্রদান করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের বেগুনগাঁও এ ১০০ টি ঘরের জন্য লাইন নির্মাণ ও সার্ভিস ড্রুপ প্রদান সম্পন্ন হয়েছে। ওয়্যারিং মালামাল প্রাপ্তি সাপেক্ষে ওয়্যারিং সম্পন্ন করে মিটার লাগিয়ে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে।<br>তিনি আরও জানান, বর্তমানে উৎপাদন ও প্রাপ্তিতে কিছুটা ঘাটতি থাকায় লোড শেডিং করে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় | উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় নিম্ন বর্ণিত বিষয় উপস্থাপন করেনঃ<br>**ক)** প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্তপত্র মোতাবেক জানানো হয় যে, উপজেলার প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদকরণ ও সাইবার সিকিউরিটি নিশ্চিতকল্পে পোর্টালে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা অতীব জরুরী। উপর্যুক্ত বিষয়ে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় গঠনমূলক আলোচনা/পর্যালোচনা করেন এবং অতিদ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করেন। ইতোমধ্যে কার কি কি সমস্যা রয়েছে, সে বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সেই অনুসারে দ্রুত আপডেট করণের কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদকরণে ও সাইবার সিকিউরিটি নিশ্চিতকল্পে আপডেট করণের কার্যক্রমের অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | **ক) স্ব স্ব দপ্তর বাস্তবায়ন করবে এবং এ সংক্রান্ত সকল সহযোগিতা করবেন উপজেলা সহকারী প্রোগ্রামার।** |
| | | **খ)** দশটি (১০টি) "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" -এ ল্যাবের মাধ্যমে ক্লাশ নেয়া হচ্ছে। সংশ্লিষ্ট শিক্ষক সহ সকল অংশীজনদের প্রশিক্ষণ TOT (Training of Trainers) প্রদান করা হবে। | TOT ট্রেনিং প্রাপ্তির অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | **খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা সহকারী প্রোগ্রামার।** |
| | | **গ)** ডিজিটাল বাংলাদেশ দিবস অনলাইন কুইজ রেজিষ্ট্রেশন চলছে। | ডিজিটাল বাংলাদেশ দিবস অনলাইন কুইজ রেজিষ্ট্রেশন কার্যক্রমে উপজেলা শিক্ষা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দায়িত্ব পালন করবেন। | **গ) পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় ও উপজেলা সহকারী প্রোগ্রামার।** |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |
| ২৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান যে, গত ০২ মাসে পীরগঞ্জ উপজেলায় মোট আগুনের সংখ্যা-১৫ টি আনুমানিক ক্ষতি- ৮৫,০০০/-, আনুমানিক উদ্ধার ৩,৬০,০০০/-। মোট দূর্ঘটনা- ২২ টি মোট আহত- ৩২ জন, নিহত নাই। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা হচ্ছে। | আগুন প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | উপজেলা পরিষদ চত্বরে মৃত ও ঝড়েপড়া গাছ অপসারণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলা পরিষদ চত্বরের প্রায় ৩০ টি বিভিন্ন প্রজাতির গাছ মারা গেছে। গাছগুলি জরুরী ভিত্তিতে নিলামে বিক্রয় করা প্রয়োজন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত নিলাম কমিটিতে জেলা প্রশাসক মহোদয়ের একজন প্রতিনিধি রাখা হয়েছে। ইতিমধ্যে জেলা প্রশাসক মহোদয়ের নিকট হতে প্রতিনিধি মনোনয়ন গ্রহণ করা হয়েছে। উক্ত কমিটিতে একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সদস্য রাখা হয়েছে। উক্ত সদস্য উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি কর্তৃক অনুমোদিত হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জনাব মোঃ জয়নাল আবেদীন, চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদকে মনোনয়ন দান করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জনাব মোঃ জয়নাল আবেদীন, চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদকে মনোনয়ন দান করা হলো। | ১) উপজেলা পরিষদ<br>২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ। |
| ২৮ | বিবিধ-ক | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন প্রজাতির গাছপালা রয়েছে। গাছপালাসমূহের ডালপালা বৃদ্ধি পাওয়ায় শীতকালে রৌদ্র প্রবেশ করতে পারছে না। তাছাড়া, ডালপাড়াসমূহ হেলে পড়ায় জনসাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে। এছাড়া কিছু গাছের ডালপালা অফিস ভবন ও আবাসিক ভবনের সাথে সংযুক্ত থাকায়, তার থেকে ঝড়ে পড়া পাতা ও ডালপালা ভবনসমূহের ছাদের ক্ষতি করছে, তিনি গাছের ডালপালাসমূহ কর্তণ করে নিলামের মাধ্যমে বিক্রয় করা যায়, মর্মে সভাকে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে রৌদ্র প্রবেশ ও জনসাধারণের চলাচলের সুবিধার্থে ও ভবনসমূহের ক্ষতিসাধণ রোধ কল্পে গাছের ডালপালাসমূহ কর্তন করে একত্রিভূত করে নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্তে সকলে একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গাছের ডালপালা কর্তণ ও বিক্রয়ের লক্ষ্যে নিম্নরুপ ০১ টি কমিটি গঠন করা হলো ঃ<br>১) উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ — আহবায়ক<br>২) উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ — সদস্য<br>৩) বিট বন কর্মকর্তা, পীরগঞ্জ — সদস্য সচিব | উপজেলা পরিষদ চত্বরে সরকারি বিধি মোতাবেক নিলাম কমিটির মাধ্যমে বিভিন্ন প্রজাতির গাছপালাসমূহের বৃদ্ধি পাওয়া ডালপালা ও ঝড়ে পড়া পাতাসমূহ কর্তণকরে নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ।<br>২) উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ। |
| | বিবিধ-খ | উপজেলা ১৭ টি কমিটির সভাপতিদ্বয় উপজেলা ভাইস চেয়ারম্যানগণ এবং ইউনিয়ন সমন্বয় কমিটির সভা ইউনিয়ন চেয়ারম্যানগণ তাদের নির্ধারিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করছেন না। এ বিষয়ে সকলকে উদ্যোগী হতে হবে। | সকল কমিটির সভা নিয়মিত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হতে হবে। | ১) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়<br>২) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| | বিবিধ-গ | পীরগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত সকল অফিস ও বাসাবাড়ি, উপজেলা পরিষদে অবস্থিত বাসাবাড়ি বরাদ্দ কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাসাবাড়ি বরাদ্দ করা হবে।<br>সভায় উপজেলা পরিষদে অবস্থিত সকল অফিসসমূহের সংস্থান পুন: নির্ধারণ প্রয়োজনীয়তা দেখা দেয়ার প্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | অফিসসমূহের সংস্থান পুন: নির্ধারণ প্রয়োজনীয়তা দেখা দেয়ার প্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল, উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |
| | বিবিধ-ঘ | পীরগঞ্জ পৌরসভা হতে এ বছর উপজেলা পরিষদের পৌর কর বাবদ ৫,৫০,০০০/- টাকা প্রদানের নোটিশ প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | পীরগঞ্জ উপজেলা পরিষদের পৌর কর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল, উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-১০৬(৫০)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা.......................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,............................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,........................................................।

১৩/১০/২২

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

তারিখ: ১৩-১০-২০২২ খ্রিঃ

## পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৫ম পর্যায়ের একটি অবকাঠামো বিষয়ক ''হাজিপুর ইউনিয়নের বোর্ডের হাট এবং সৈয়দপুর ইউনিয়নের পানিহাটা গ্রামের হিন্দু পাড়ায় জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মান'' (প্যাকেজ নং- e-Tender/INF-2020-21-559482-02) যা, মোঃ হাবিবুর রহমান, বোচাগঞ্জ, দিনাজপুর কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চূড়ান্ত বিলের আবেদন করেছেন। সংশ্লিষ্ট ঠিকাদারকে ১ম ও চুড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। অত:পর তিনি অনুমোদনের জন্য সভায় বিল উপস্থাপন করেন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী নিম্নে পেশ করা হলো।

| প্রকল্পের নাম | প্রকল্প নং/ প্যাকেজ নং | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স বাদে নীট বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|---|---|
| হাজিপুর ইউনিয়নের বোর্ডের হাট এবং সৈয়দপুর ইউনিয়নের পানিহাটা গ্রামের হিন্দু পাড়ায় জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মান | INF-2020-21-559482-02 | ২৫,৯৭,৭৩৩/- | ২৫,৯৭,৩৪৫/- | ২৩,২৪,৬২৪/- | ১,৯৪,৮০১/- | ৭৭,৯২০/- | ২৫,৯৭,৩৪৫/- |
| মোট = ২৩,২৪,৬২৪/- (তেইশ লক্ষ চব্বিশ হাজার ছয়শত চব্বিশ টাকা) মাত্র। | | | | | | | |